# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৮.০২.১৯-২৬১ তারিখ: ২৪এপ্রিল ২০১৯খ্রি.

## জরুরী বিজ্ঞপ্তি

মেয়ে শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণ, শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ যাতায়াত ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধের নিমিত্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার ম্যানেজিং কমিটি, অধ্যক্ষ, সুপার, শিক্ষক, কর্মচারী, ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণকে নিম্নে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

**মাদ্রাসা কর্তৃপক্ষের প্রতি নির্দেশনা**

(১) মাদ্রাসায় শিক্ষক ও শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক আচরণবিধি কঠোরভাবে মেনে চলতে হবে;

(২) শিক্ষার্থীর, বিশেষত মেয়ে শিক্ষার্থীর নিরাপত্তা বিধানে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করতে হবে;

(৩) সকল মাদ্রাসায় বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি চালু করতে হবে এবং ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা/অভিভাবকের মোবাইল ফোন নম্বর রেকর্ডভুক্ত করতে হবে। শিক্ষার্থীদের মাদ্রাসায় প্রবেশ এবং ছুটি শেষে মাদ্রাসা ত্যাগ করার বিষয়টি খুদে বার্তার (SMS) মাধ্যমে পিতা-মাতা/অভিভাবককে অবহিত করতে হবে;

(৪) মাদ্রাসায় প্রয়োজনীয় সংখ্যক ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপন করতে হবে;

(৫) মাদ্রাসায় মেয়ে শিক্ষার্থী ও মহিলা শিক্ষকের জন্য পৃথক কমনরুমের ব্যবস্থা করতে হবে;

(৬) মেয়ে শিক্ষার্থী ও মহিলা শিক্ষকের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা করতে হবে;

(৭) একজন মহিলা শিক্ষককে আহবায়ক করে একটি সেল/কমিটি গঠন করতে হবে, যে সেল/কমিটি মেয়ে শিক্ষার্থীদের অভিযোগের বিষয়ে মাদ্রাসা প্রধানকে অবহিত ও সমাধানের ক্ষেত্রে সহযোগিতা করবে;

(৮) প্রতি মাসে একদিন শ্রেণিকক্ষে সভা আয়োজনের মাধ্যমে শ্রেণি শিক্ষক শিক্ষার্থীদের (প্রয়োজনে মহিলা শিক্ষক মেয়ে শিক্ষার্থীদের পৃথকভাবে) সুবিধা-অসুবিধা শুনবেন এবং গুরুত্ব বিবেচনায় অসুবিধা/সমস্যাসমূহ রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে প্রযোজ্য ক্ষেত্রে পূর্বে উল্লিখিত সেল/কমিটিকে অবহিত করবেন;

(৯) মেয়ে শিক্ষার্থীর কাউন্সিলিং-এর প্রয়োজন হলে মহিলা শিক্ষকের মাধ্যমে তা সম্পন্ন করতে হবে;

(১০) মেয়ে শিক্ষার্থীদের প্রতিদিন-এসেম্বলির সময় তাদের নিজ নিজ নিরাপত্তা রক্ষার্থে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করতে হবে;

(১১) মাদ্রাসার আশপাশে বখাটে ছেলেদের আড্ডা বা বিচরণ যেন না থাকে তা নিশ্চিত করতে প্রয়োজনে স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীকে বিষয়টি অবহিত করতে হবে;

(১২) একাডেমিক বা দাপ্তরিক প্রয়োজনে কোন শিক্ষক কোন মেয়ে শিক্ষার্থীর সাথে ব্যক্তিগতভাবে সাক্ষাৎ বা যোগাযোগ করবেন না;

(১৩) পুরুষ সুপার, অধ্যক্ষ বা শিক্ষকের কক্ষে কোন অবস্থাতেই কোন মেয়ে শিক্ষার্থীকে একা তলব করা যাবে না। ঐ দপ্তরে মেয়ে শিক্ষার্থীর অবস্থানকালীন ন্যূনতম অন্য একজন মহিলা শিক্ষক বা মেয়ে শিক্ষার্থী অথবা সংশ্লিষ্ট শিক্ষার্থীর অভিভাবকের উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(১৪) কোন শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানি বা নির্যাতনের অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষনিক পরিচালনা কমিটি, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করতে হবে।

(১৫) যৌন হয়রানি প্রতিরোধমূলক কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১৬) বিজ্ঞপ্তিটির অনুলিপি সকল শিক্ষক ও মেয়ে শিক্ষার্থীকে সরবরাহ করার জন্য অনুরোধ করা হল।

**ম্যানেজিং কমিটির প্রতি নির্দেশনা**

(১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর অনুচ্ছেদ নং ৪১ অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো;

(২) মেয়ে শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণ ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপপূর্বক মাদ্রাসা কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদানসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

**মেয়ে শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা**

(১) মাদ্রাসা কিংবা মাদ্রাসার বাইরে কোন স্থানে নিজে বা অন্য কোন শিক্ষার্থী কোনভাবে আক্রান্ত হলে বা আক্রান্ত হওয়ার আশংকা হলে যথাশীঘ্র সম্ভব জরুরী টেলিফোন নম্বর ৯৯৯ (টোল ফ্রি)-এ মোবাইল বা ল্যান্ড ফোন থেকে ফোন করবে। অ্যাম্বুলেন্স এবং ফায়ার সার্ভিসের সহায়তার জন্যও এ নম্বরে ফোন করা যাবে;

(২) মাদ্রাসায় যাতায়াতের পথে কোন ব্যক্তি দ্বারা ইভটিজিং বা যৌন হয়রানির শিকার হলে যথাশীঘ্র সম্ভব পিতা-মাতা/অভিভাবক/শ্রেণি শিক্ষককে বিনা দ্বিধায় জানাতে হবে; মনে রাখতে হবে এটি লজ্জার কোন বিষয় নয় বরং একটি অন্যায় দূর্ঘটনা মাত্র, যার বিহিত হওয়া প্রয়োজন;

(৩) মাদ্রাসায় কোন পুরুষ শিক্ষক/সুপার/অধ্যক্ষের কক্ষে একা অবস্থান করবে না; কমপক্ষে দু'জন থাকবে। প্রয়োজনে অভিভাবকসহ দেখা করবে;

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

(৪) কোন শিক্ষক কর্তৃক পরীক্ষায় পাশ করানো বা অন্য কোন সুবিধা প্রদানের প্রলোভন দেখানোর চেষ্টা করা হলে তা অনতিবিলম্বে অন্য শিক্ষার্থী/শিক্ষক/মাদ্রাসার প্রধান/ পিতা-মাতা/ অভিভাবককে জানাতে হবে। বিষয়টি চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করা প্রয়োজন, যাতে বোর্ড যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে;

(৫) মাদ্রাসা ক্যাম্পাসে কোন ব্যক্তি (সে যে-ই হোক) কর্তৃক যৌন হয়রানির চেষ্টা করা হলে তাৎক্ষণিকভাবে অন্য শিক্ষার্থী/শিক্ষক/মাদ্রাসার প্রধান/পিতা-মাতা/অভিভাবককে অবহিত করতে হবে। এটি অবশ্যই চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করা প্রয়োজন, যাতে বোর্ড যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে;

(৬) যেকোন পরিস্থিতিতে সর্বশক্তিমান আল্লাহর ন্যায় বিচারের ওপর আস্থা রাখতে হবে, নিজের ওপর বিশ্বাস রাখতে হবে এবং স্থির মস্তিস্কে করণীয় নির্ধারণ করতে হবে।

<u>অভিভাবকগণের প্রতি নির্দেশনা</u>

(১) মাদ্রাসায় যাতায়াতের ক্ষেত্রে অথবা মাদ্রাসা ক্যাম্পাসে বিশেষ করে মেয়ে শিক্ষার্থী যৌন হয়রানি, শারীরিক নির্যাতন, হুমকি ও প্রভাবের সম্মুখীন হলে মাদ্রাসার প্রধান ও পরিচালনা কমিটিসহ স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে বাংলদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করতে হবে;

মাদ্রাসা কর্তৃপক্ষের প্রতি প্রযোজ্য কোন নির্দেশনা পালনে শৈথিল্য বা ব্যর্থতার ক্ষেত্রে বোর্ড যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২৪.৪.১৯

**(প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা)**
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২১৬